

তারিখ ... 17 MAY 2003 ...
পৃষ্ঠা ... ১ ...

সংবাদ

মুক্তাগাছায় ভূয়া শিক্ষা প্রতিষ্ঠান

চাকরির প্রলোভন দিয়ে হাজার হাজার বেকারের সঙ্গে স্কুল শিক্ষকের প্রতারণা

মুক্তাগাছা থেকে শফিক সরকার ।
মুক্তাগাছায় ভূয়া একটি শিক্ষা প্রতিষ্ঠানের
নাম দিয়ে এক স্কুলশিক্ষক বেকার তরুণ-
তরুণীদের কাছ থেকে হাজার হাজার টাকা
হাতিয়ে নিচ্ছে। ঘটনাটি এলাকায় ব্যাপক
চাঞ্চল্যের সৃষ্টি করেছে।

বিভিন্ন সূত্রে জানা গেছে, মুক্তাগাছায়
মুক্তাগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের
সহকারী শিক্ষক আবদুল হাকিম তার নিজ
এলাকা মুক্তাগাছা গ্রামে 'মুক্তাসন শিক্ষা প্রকল্প
বাংলাদেশ' নামে একটি ভূয়া শিক্ষা প্রতিষ্ঠান
খুলে। ওই ভূয়া প্রকল্পের প্রতিষ্ঠানের জন্য
উপজেলা প্রজেক্ট অফিসার, সহকারী
উপজেলা প্রজেক্ট অফিসার, পরিদর্শক,
হিসাবরক্ষকসহ বিভিন্ন পদে ৭শ' ৮ জন
লোক নিয়োগের জন্য স্থানীয় পত্রিকায়
বিজ্ঞপ্তি দেয়া হয়। প্রতিটি পদের জন্য
৪শ'-৩শ' টাকার পোস্টাল অর্ডার চাওয়া
হয়েছে। আবেদনপত্র জমা দেয়ার শেষ
তারিখ ছিল ৩০শে এপ্রিল। জমাও পড়েছে
কয়েক হাজার। জানা গেছে 'মুক্তাসন শিক্ষা
প্রকল্প বাংলাদেশ' নামে কোন রেজিস্ট্রেশন
ও শিক্ষা মন্ত্রণালয়ের কোন প্রকল্পও নেই।
নেই কোন ঘর-বাড়ি। মুক্তাগাছা গ্রামের হাজি
মোজাফফর আলী কমপ্লেক্সের গ্রাইন্ডেট
হাসপাতালকে দেখানো হয়েছে মুক্তাসন
শিক্ষা প্রকল্প নামে একটি ভূয়া প্রতিষ্ঠান।
মোজাফফর কমপ্লেক্সের গেটে বড় অক্ষরে
লেখা হয়েছে প্রতিষ্ঠানের সাইনবোর্ড। এ

প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন পদে ৭শ' ৮ জন
লোক আহ্বান করে মোটা অঙ্কের পোস্টাল
অর্ডার নিয়ে ময়মনসিংহসহ বিভিন্ন জেলার
হাজার হাজার বেকার তরুণ-তরুণীকে
প্রতারণা করেছে স্কুলশিক্ষক আ. হাকিম।
সেসঙ্গে তিনি প্রকল্প পরিচালক সেজে লাখ
লাখ টাকা হাতিয়ে নিচ্ছেন। পরিচালক আ.
হাকিম কমতার দাপট দেখিয়ে বহাল
তবিয়তে নিজেকে সং মানুষ হিসেবে প্রচার
করছে। একজন স্কুলশিক্ষক হয়ে এ ধরনের
প্রতারণার ফাঁদ পাতার ঘটনাটি মুক্তাগাছায়
ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।